16

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 01 APR 1996 ..
পৃষ্ঠা ৩ কলাম ৫ ...

## সদস্যার আবর্তে
## মাদারীপুর
## পিটিই

মাদারীপুর সংবাদদাতা ।। মাদারীপুর প্রাইমারী ট্রেনিং ইনষ্টিটিউটটি নানা সমস্যায় জর্জরিত হইয়া পড়ায় প্রশিক্ষণার্থী ও প্রশিক্ষকগণ দুর্ভোগ পোহাইতেছেন।

সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, ১৯৫৩ সালে মাদারীপুর প্রাইমারী ট্রেনিং ইনষ্টিটিউট (পিটিআই) স্থাপিত হয়। ১৯৬২ সালে বর্তমান স্থানে নূতন ভবন নির্মিত হয়। প্রয়োজনীয় আসবাবপত্রের

(৪র্থ পৃঃ দ্রঃ)

## সমস্যার আবর্তে

(৩য় পৃঃ পর)

অভাবে সংশ্লিষ্টদের দুর্ভোগ পোহাইতে হয়। শিক্ষক সংকট লাগিয়াই আছে। ছাত্রী নিবাস সংস্কার হওয়া প্রয়োজন। সহকারী সুপারের (হোষ্টেল) বাসভবনটি এতই জরাজীর্ণ যে সেখানে বসবাস করা কোন মতেই সম্ভব নহে। শিক্ষকদের জন্য কোন আবাসিক ব্যবস্থা নাই। শৌচাগার সমস্যা দীর্ঘদিনের। বৈদ্যুতিক ব্যবস্থা ত্রুটিপূর্ণ হওয়ায় যে কোন সময় দুর্ঘটনা ঘটিতে পারে।

১৯৮৮ সালের সর্বনাশা বন্যায় পিটিআই-এর বহির্দেয়ালের বিরাট অংশ বিধ্বস্ত হয়। ৮ বছরেও দেয়ালটি পুনঃ নির্মিত হয় নাই। ফলে একদিকে গরু-ছাগলের অবাধ রাজত্ব কায়েম হইয়াছে অপরদিকে প্রশিক্ষণার্থীরা বিশেষ করিয়া মহিলাদের সর্বদা আতংকের মধ্যে থাকিতে হয়। দীর্ঘদিনেও সংযোগ সড়কটির উন্নতি হয় নাই। ফলে সংশ্লিষ্টদের যাতায়াতে সমস্যায় পড়িতে হয়। একমাত্র টেলিফোনটি প্রায়ই বিকল থাকায় যোগাযোগ সমস্যা নিত্যদিনের।